

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অবিলম্বে শূন্য পদ পূরণ

কক্সন - বাংলাদেশ শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল ফ্রম-এ আউয়াল সিদ্দিকী ও সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা গতকাল (শনিবার) বিবৃতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) সূত্রভাবে পরিচালনার স্বার্থে প্রতিষ্ঠান প্রধানের ৩ হাজার ৩৭১টি শূন্য পদ পূরণের জন্য পরিপত্র জারি করার শিক্ষা মন্ত্রণালয়কে ধন্যবাদ জানিয়েছেন। এর সঙ্গে সহকারী প্রধানের পদটিও ১৯৯৫ সালের জনবল কাঠামোর বাইরে রাখার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। বিবৃতিতে নেতৃদ্বন্দ্ব ১৯৭৯ সালের চাকরি বিধি মোতাবেক শিক্ষা বোর্ডের অনুমোদন সাপেক্ষে ৬৫ বছর পর্যন্ত শিক্ষক-কর্মচারীদের চাকরি করার সুযোগ প্রদানের জন্যও সরকারের প্রতি আহ্বান জানান।